# পিলখানা ট্র্যাজেডির পেছনে ছিল সার্বভৌমত্ববিরোধী চক্রান্ত: প্রধানমন্ত্রী




প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

২০০৯ সালের ২৫ ফেব্রুয়ারি রাজধানীর পিলখানায় তৎকালীন বাংলাদেশ রাইফেলস (বর্তমানে বর্ডার গার্ড বাংলাদেশ) সদর দপ্তরে সংঘটিত হত্যাযজ্ঞের পেছনে দেশবিরোধী ষড়যন্ত্র ছিল বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। জাতীয় শহিদ সেনা দিবস উপলক্ষে দেওয়া এক বার্তায় তিনি এ কথা বলেন।

তিনি বলেন, ওই দিনের ঘটনায় ৫৭ জন সেনা কর্মকর্তাসহ ৭৪ জন প্রাণ হারান, যা জাতির জন্য গভীর বেদনার। দীর্ঘ সময় যথাযথভাবে দিনটি পালন না হলেও ২০২৪ সাল থেকে ২৫ ফেব্রুয়ারি 'শহিদ সেনা দিবস' হিসেবে পালিত হচ্ছে। শহিদদের রুহের মাগফিরাত কামনা করে শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানান তিনি।

প্রধানমন্ত্রী উল্লেখ করেন, বিচার প্রক্রিয়া চলমান থাকায় বিস্তারিত মন্তব্য করা সমীচীন নয়। তবে তাঁর মতে, ঘটনার পেছনে স্বাধীনতা ও সার্বভৌমত্ববিরোধী তৎপরতা ছিল—এ বিষয়টি জাতির অনুধাবন করা জরুরি।

তিনি আরও বলেন, ঘটনার পর অপতথ্য ছড়িয়ে বিভ্রান্তি তৈরির চেষ্টা হয়েছিল। ভবিষ্যতে যেন সশস্ত্র বাহিনীর বিরুদ্ধে কোনো ষড়যন্ত্র সফল না হয়, সে জন্য দেশবাসীকে ঐক্যবদ্ধ থাকার আহ্বান জানান তিনি।

LENS ASIA